জীবননগর আন্দুলবাড়িয়ার নবনির্বাচিত ইউপি চেয়ারম্যানের শপথ গ্রহণ

চুয়াডাঙ্গা জীবননগর উপজেলার আন্দুলবাড়িয়ার নবনির্বাচিত ইউপি চেয়ারম্যান মির্জা হাকিবুর রহমান শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়েছে । বুধবার বেলা সাড়ে এগারোটা সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষে এই শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়।

শপথ বাক্য পাঠ করান চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা। আন্দুলবাড়িয়ার নবনির্বাচিত ইউপি চেয়ারম্যান মির্জা হাকিবুর রহমান শপথ গ্রহণ শেষে সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং তার দায়িত্ব সঠিক ভাবে পালন করতে পারেন এই জন্য সকলক নিকট দোয়া চান।

এসময় আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন, চুয়াডাঙ্গার স্থানীয় সরকার উপ-পরিচালক শারমিন আক্তার, জীবননগর উপজেলার নির্বাহী অফিসার হাসিনা মমতাজ, চুয়াডাঙ্গা জেলা নির্বাচন অফিসার মোঃ মোতাওয়াক্কিল রহমান, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান সহ চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের কর্মকর্তা বৃন্দ।

দামুড়হুদায় উপজেলা এনজিও বিষয়ক মাসিক সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় উপজেলা এনজিও বিষয়ক মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার সকাল ১০ টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে উপজেলার সকল এনজিও সংস্থা নিয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, ব্রাক, ইমপ্যাক্ট ফাউন্ডেশন, জামান সোসাল ফাউন্ডেশন, আশা সংস্থা, আত্নবিশ্বাস, জনকল্যাণ সংস্থা, মুক্তি নারী ও শিশু উন্নয়ন সংস্থা, মিতালি নারী কল্যান সমিতি, আদর্শ ফাউন্ডেশন, আর আর এফ সহ উপজেলার বিভিন্ন এনজিও সংস্থার প্রতিনিধি উপস্থিত ছিলেন।

সভায় উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা উপজেলার বিভিন্ন এনজিও সংস্থার প্রতিনিধিদের সঠিক ভাবে এনজিও বিষয়ক কার্যক্রম সম্পাদনের বিষয়ে বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন।

দর্শনায় ২৭৭ বোতল ফেনসিডিলসহ দুই মাদক ব্যবসায়ী গ্রেফতার

দর্শনায় পৃথক দুটি মাদক বিরোধী অভিযান চালিয়েছে দর্শনা থানা পুলিশ। এ অভিযানে ২৭৭ বোতল ফেনসিডিল একটি মোটরসাইকেল ও ইজিবাইক জব্দ করা সহ আটক করা হয়েছে জাহিদ হোসেন ও উজ্জল মিয়া নামের দুই মাদক ব্যবসায়ীকে।

এদের মধ্যে উজ্জল মিয়াকে দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ঝাঝাডাঙ্গা হতে ও জাহিদ হোসেনকে চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের বেগমপুর চিলমারীপাড়া গ্রামের দাখিল মাদ্রাসার সামনে পাকা রাস্তার উপর থেকে গ্রেফতার করে।

পুলিশ জানায়, গতকাল মঙ্গলবার (১৫)আগষ্ট দুপুর ২ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার সাহার নেতৃত্বে থানার সেকেন্ড অফিসার এসআই খান আঃ রহমান সঙ্গীয় অফিসার ও ফোর্স নিয়ে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ের ঝাঝাডাঙ্গা গ্রামে। এসময় গ্রামের আবুল ফজলের বাড়ির পাশে গলির ভিতর থেকে ভারতীয় ১২০ বোতল ফেন্সিডিল উদ্ধার করে। এ ফেনসিডিলসহ উজ্জল মিয়া (৩৪) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করা সহ জব্দ করা হয় একটি ব্যাটারি

চালিত ইজিবাইক। গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ী উজ্জল মিয়া দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ের ঝাঝাডাঙ্গা গ্রামের আবুল ফজলের ছেলে। গ্রেফতারকৃত আসামির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

অপরদিকে গতকাল মঙ্গলবার ভোর ৫ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে থানার এসআই ফাহিম হোসেন সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ মাদক বিরোধী অভিযান চালায় চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের চিলমারীপাড়া গ্রামের বেগমপুর দাখিল মাদ্রাসার সামনে পাকা রাস্তার উপর। এসময় একটি মোটরসাইকেল জব্দ করা সহ আমদানী নিষিদ্ধ ১৫৭ বোতল ফেনসিডিল সহ গ্রেফতার করা হয় জাহিদ হোসেন (৩৮) নামের এক মাদক ব্যবসায়ীকে। গ্রেফতারকৃত জাহিদ হোসেন দামুড়হুদা উপজেলার দর্শনা পৌর এলাকার দক্ষিণ চাঁদপুর গ্রামের শাহ্ পাড়ার হানিফ শেখের ছেলে। গ্রেফতারকৃত আসামির বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আয়োজনে শোক দিবস পালিত

চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আয়োজনে বিভিন্ন কর্মসূচির মধ্যে দিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৮তম শাহাদাৎ বার্ষিকী ও ১৫ আগষ্ট জাতীয় শোক দিবস পালিত হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহবায়ক ও চুয়াডাঙ্গা জেলা ক্রিয়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দার এর নেতৃত্ব জাতীয় পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাৎ বার্ষিকের কর্মসূচির মধ্যে সুর্যোদয়ের পরে সকাল সাড়ে ছয়টার সময় চুয়াডাঙ্গা জেলা যুবলীগের অফিসে জাতীয় ও দলীয় পতাকা অর্ধনমিতকরণ, কালো পতাকা উত্তোলন, জাতির পিতার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব ও শেখ মনির প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি, মাইক যোগে বঙ্গবন্ধুর ভাষণ প্রচার ও কোরআন খতম,

কালো ব্যাজ ধারণ, এতিমদের খাবার বিতরণ সহ চুয়াডাঙ্গা সদর আলমডাঙ্গা সহ বিভিন্ন ইউনিয়ন দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহবায়ক নঈম হাসান জোয়ার্দার এর নির্দেশনায় চুয়াডাঙ্গা জেলা যুবলীগের বিভিন্ন ইউনিট উপজেলা যুবলীগের বিভিন্ন ইউনিট ও ইউনিয়ন যুবলীগের বিভিন্ন ইউনিটের নেতৃবৃন্দ রান্না করা খাবার বিতরণ করেন।

এ সময় জাতীয় পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের সকল সদস্যের রুহের মাগফেরাত কামনায় মসজিদে দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা সদর উপজেলার পদ্মবিলা ইউনিয়ন পরিষদের ০৫ নং ওয়ার্ড যুবলীগের আয়োজনে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। দোয়া মাহফিল অনুষ্ঠানে ০৫ নং ওয়ার্ডের সাবেক ইউপি সদস্য শহিদুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহবায়ক নঈম হাসান জোয়ার্দার।

জেলা আওয়ামী যুবলীগের নানা কর্মসূচীতে আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শামসুজ্জোহা মল্লিক হাসু, চুয়াডাঙ্গা জেলা যুবলীগের সদস্য সাজেদুল ইসলাম লাভলু,আজাদ আলী,হাফিজুর রহমান হাপু,আবু বক্কর সিদ্দিক আরিফ,আলমগীর হোসেন খোকা,চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি আল ইমরান শুভ সহ চুয়াডাঙ্গা জেলা যুবলীগ নেতা মাসুদুর রহমান,দরূদ হাসান,হাসানুল ইসলাম পলেন,জুয়েল জোঃ,রামিম হাসান সৈকত,শেখ রাসেল,খালিদ মন্ডল, রুবেল, আমান,ফাহাদ সহ জেলা উপজেলা ও ইউনিয়নের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা

স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৮তম শাহাদত বার্ষিকী উপলক্ষে ডিসি সাহিত্য মঞ্চ সকাল সাড়ে দশটার সময়

জেলা প্রশাসনের উদ্যোগে আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

চুয়াডাঙ্গা জেল প্রশাসকের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ১- আসনের সাংসদ বীর মুক্তিযুদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার (ছেলুন)। এ সময় তিনি বলেন, ১৯৭৫ সালের ১৫ আগস্টে এক দল বিপথগামী সেনা সদস্য জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে তাঁর পরিবার ও আত্মীয়-পরিজনসহ নির্মমভাবে হত্যা করে মানব ইতিহাসের জঘন্যতম অপরাধ ঘটিয়েছিল। সেই নির্মম হত্যাকাণ্ডের দিনটিকেই জাতীয় শোক দিবস হিসেবে ঘোষণা করা হয়েছে এবং এই দিবসটি বাঙালী জাতি তাদের প্রাণপ্রিয় নেতা বঙ্গবন্ধুর প্রতি আন্তরিক শ্রদ্ধায় অভিভূত হয়, শোকাভিভূত হৃদয়ে শ্রদ্ধার অশ্রু নিবেদন করে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলার সাবেক সংরক্ষিত মহিলা সংসদ সদস্য শিরীন নাঈম পুনম, চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ আল-মামুন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান, চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক।

আলোচনা সভা শেষে জাতীয় শোক দিবস উপলক্ষে শিশু -কিশোরদের নিয়ে আয়োজিত চিত্রাংকন, কবিতা আবৃত্তি ও আমার দেখা বঙ্গবন্ধু শীর্ষক ভিডিও কনটেন্ট প্রতিযোগীতার পুরস্কার বিতরণ করা হয়।

এছাড়াও উপস্থিত ছিলেন বিভিন্ন পদমর্যাদার সরকারি কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ, স্কুল কলেজের শিক্ষকমণ্ডলী ও শিক্ষার্থীবৃন্দ, রাজনৈতিক নেতৃবৃন্দ, সুশীল সমাজের প্রতিনিধিবৃন্দ, ইলেকট্রনিক এন্ড প্রিন্ট মিডিয়ার সদস্যবৃন্দ।

জীবননগরে জাতীয় শোক দিবস

পালন

জীবননগরে জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকী পালিত হয়েছে।

দিবসটি উপলক্ষ্যে উপজেলার সকল সরকারি বে-সরকারি, শিক্ষা প্রতিষ্ঠান সমূহে জাতীয় পতাকা অর্ধনমিত, দো’য়া, আলোচনা সভা, হাসপাতাল ও এতিম খানায় উন্নতমানের খাবার পরিবেশন করা হয়।

জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজের নেতৃত্বে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান হাফিজ,জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ইশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকী, উপজেলার সহকারী কমিশনার(ভূমি) তিথি মিত্র, জীবননগর থানার অফিসার ইনচাজ এস.এম জাবিদ হাসান,উপজেলা শিক্ষা অফিসার জালাল উদ্দীন, উপজেলা সমাজ সেবা অফিার জাকির হোসেন মোড়ল, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা দীন ইসলাম, পিআইও মোঃ মিজানুর রহমান,একটি বাড়ি একটি খামার প্রকল্পের আব্দুল সাত্তার, উপজেলা একাডেমিক সুপারভাইজার সৈয়দ আব্দুল জব্বার, উপজেলা ব্যবস্থাপক ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের শেখ হারুন- অর- রশিদ।এছাড়া জীবননগর উপজেলা আওয়ামী লীগের পক্ষ থেকে দলীয় কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন, দো’য়া ও আলোচনা সভার আয়োজন করা হয় ।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামীলীগের সভাপতি নজরুলইসলাম, সাধারণ সম্পাদক আবু. মো. আব্দুল লতিফ অমল, সহসভাপতি বজলুর রহমান, পৌর আওয়ামীলীগের সিনিয়ার সহসভাপতি সেকেন্দার মিয়াসহ উপজেলা পৌর ও ইউনিয়ন আওয়ামীলীগ, ছাত্রলীগ, যুবলীগ, কৃষকলীগ, মহিলালীগ ও এর অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দগন উপস্থিত ছিলেন।

দামুড়হুদা সদর ও হাউলী ইউনিয়ন পরিষদের উদ্যোগে শোক দিবস পালন

১৫ই আগষ্ট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮তম শাহাদত বার্ষিক ও জাতীয় শোক দিবস উপলক্ষে দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের উদ্যেগে শোক র্যালি, আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার ১১ টার দিকে দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলি নেতৃত্বে উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ, সদর ইউনিয়ন পরিষদের সদস্য লিয়াকত আলি, শামসুল আলম,নূরুল হক,আশরাফুল আলম সুমন,কামরুল ইসলাম,হাসান আলি,আব্দুল আলিম, শাহানাজ খাতুন ,রুপালি খাতুন,হাসিনা খাতুন। অনুষ্ঠানটি পরিচালনা করেন সদর ইউনিয়ন পরিষদের সচিব শামীম উদ্দীন।

১৫ ই আগষ্ট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮তম শাহাদত বার্ষিক ও জাতীয় শোক দিবস উপলক্ষে দামুড়হুদা হাউলী ইউনিয়ন পরিষদের উদ্যেগে শোক র্যালি, আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

হাউলি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিনের নেতৃত্বে উপস্থিত ছিলেন হাউলি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকন,হাউলি ইউনিয়ন পরিষদের সদস্য শহিদুল ইসলাম, জাহাঙ্গীর আলম টিক্কা,আব্দুল হান্নান, রিকাত আলি, শাহাজামাল হোসেন, হাউলী ইউনিয়ন যুবলীগের প্রচার সম্পাদক কামরুল ইসলাম মিফতাহ, হাউলী ইউনিয়ন ছাত্রলীগের আহ্বায়ক রাসেল আহমেদ, যুগ্ন আহ্বায়ক রায়হানুল ইসলাম, অনুষ্ঠানটি পরিচানা করেন হাউলি ইউনিয়ন পরিষদের সচিব নাঈম উদ্দীন।

দামুড়হুদায় ৫ শত গ্রাম গাঁজাসহ আটক -২

দামুড়হুদা মডেল থানার পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৫শত গ্রাম গাঁজাসহ দুইজন মাদক ব্যবসায়ীকে আটক করতে সক্ষম হয়েছে।

আটকৃতরা হলো ছানোয়ার হোসেন (২৩) গোপালপুর গ্রামের জবুরের ছেলে ও একি গ্রামের তরিকুল ইসলাম(৩০) রেজাউলের ছেলে। গতকাল সোমবার রাত ১১ টার দিকে জুড়ানপুর মসজিদ মার্কেটের সামনে থেকে তাদেরকে আটক করেন।

পুলিশ জানায়, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবীর এর নির্দেশে গোপন সংবাদের ভিত্তিতে এস আই ওবাইদুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে দামুড়হুদা থানাধীন জুড়ানপুর গ্রামে মাদক বিরোধী অভিযান চালিয়ে গোপাল পুর গ্রামের জবুর ছেলে ছানোয়ার হোসেন ও রেজাউল ইসলামের ছেলে তরিকুলকে জুড়ানপুর মসজিদ মার্কেটের সামনে থেকে আটক করেন। পরে তাদের দেহ তল্লাশী করে ৫ শত গ্রাম গাঁজা উদ্ধার করা হয়।

দামুড়হুদা মডেল থানায় তাদের বিরুদ্ধে মাদক নিয়ন্ত্রণ আইন মামলা দায়ের করা হয়েছে।

চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূঁইয়ার বদলি আদেশ

চুয়াডাঙ্গা সদর উপজেলার নির্বাহী অফিসার শামীম ভূইয়ার বদলি আদেশ দেওয়া হয়েছে।

গতকাল সোমবার রাষ্ট্রপ্রতির আদেশক্রমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রেষণ-১ অভিশাখার উপসচিব আব্দুল্লাহ আরিফ মোহাম্মদ- এর

স্বাক্ষরিত এক বদলি আদেশে চুয়াডাঙ্গা সদর উপজেলার নির্বাহী অফিসার শামীম ভূইয়াকে প্রধানমন্ত্রীর কার্যালয়ে সিনিয়র সহকারী সচিব হিসেবে উপ প্রকল্প পরিচালক নারায়ণগঞ্জ আড়াইহাজার জাপানিজ অর্থনৈতিক অঞ্চলের জন্য অবকাঠামো উন্নয়ন প্রকল্প বদলি আদেশ দেওয়া হয়।

দামুড়হুদা মডেল থানার উদ্যোগে এলাকায় পুলিশের মহড়া জোরদার

দামুড়হুদা মডেল থানার নবাগত অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির এর উদ্যোগে থানা এলাকায় পুলিশের বিশেষ মহড়া জোরদার করা হয়েছে।

গতকাল সোমবার সন্ধ্যা সাড়ে ৬ টার দিকে দামুড়হুদা মডেল থানার সামনে থেকে দামুড়হুদা থানা মোড়, চৌরাস্তার মোড়, জয়রামপুর শেখপাড়া, কাঁঠালতলা, ডুগডুগি, লোকনাথপুর, হাউলী সহ বিভিন্ন স্থানে পুলিশ মহড়া দেয়। এলাকার আইন শৃঙ্খলা রক্ষার্থে রাষ্ট্র বিরোধী, দুষ্কৃতিকারী, চোরাকারবারি, মাদক ব্যবসায়ীদের প্রতিহতর জন্য পুলিশের উপস্থিতি আরও জোরদার করা হয়েছে।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবির বলেন, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন ছিল এদেশের মানুষ নির্বিঘ্নে রাতে যেন ঘুমাতে পারে। সেটা বর্তমান পুলিশ প্রশাসন নিশ্চিত করেছেন। মানুষ নির্বিঘ্নে চলাফেরা করতে পারে, রাতে ঘুমাতে পারে। সাধারণ মানুষের জানমাল নিরাপত্তা সহ পুলিশ প্রশাসন রাত দিন ২৪ ঘন্টা কাজ করে চলেছে। দামুড়হুদা মডেল থানা এলাকায় আইন শৃঙ্খলা পরিস্থিতি রক্ষার জন্য পুলিশের এই বিশেষ মহড়া চলমান থাকবে। দেশ বিরোধী চক্রান্ত সহ মাদক ইভটিজিং, কিশোর গ্যাং, চোরাকারবারি, জুয়া, বাল্যবিবাহ প্রতিরোধে দামুড়হুদা মডেল থানা পুলিশ সবসময়ই বদ্ধপরিকর। কোন অবস্থাতেই থানা এলাকায় কোনরকম বিশৃঙ্খলা মেনে নেওয়া হবে না।

তিনি আরো বলেন, সবাইকে সাবধান করা হলো, আপনারা যারা বিভিন্ন অপরাধের সাথে জড়িত আছেন তারা সবাই ভালো হয়ে যান। অপরাধ থেকে

সুস্থ জীবনে ফিরে আসুন, তা না হলে আজ হোক কাল হোক পুলিশের চোখ ফাঁকি দিয়ে কোন অপরাধি চিরস্থায়ীভাবে টিকে থাকতে পারবে না। সঠিক ও সুনির্দিষ্ট তথ্য দিয়ে পুলিশকে সহযোগিতা করুন। পুলিশ সবসময় জনগণের পাশে আছে, পুলিশ জনতার বন্ধু।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার ওসি তদন্ত শফিকুল ইসলাম, ওসি অপারেশন শফিউল আলম, সেকেন্ড অফিসার এসআই শেখর চন্দ্র মল্লিক, এসআই সালাউদ্দিন আহমেদ, এসআই খসরু, এসআই মিজান, এএসআই বিপ্লব কুমার, এএসআই দিরাজ সহ দামুড়হুদা মডেল থানায় কর্মরত সকল পুলিশ সদস্য উপস্থিত ছিলেন।